

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ৯, ২০২০

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **M/s. Chittagong Overseas, bearing Reg. No. P-30151** অংশীদারী ফার্মটির এক সভা ০৮-০২-২০২০ ইং তারিখে ফার্মের রেজিস্টার্ড কার্যালয় ১২২, ডিআইটি এক্সটেনশন রোড (২য় তলা), ফকিরাপুল, ঢাকায় অনুষ্ঠিত হয় এবং সভায় সকল পার্টনারদের সিদ্ধান্ত অনুসারে মোহাম্মদ আলী চৌধুরী তার সম্পূর্ণ ৫১% শেয়ার নতুন অংশীদার জারেফ হামিদকে দিয়া প্রতিষ্ঠান থেকে অব্যাহতি নিয়াছেন এবং মোহাম্মদ আফসার উদ্দিন (স্বপন) তার ৪৯% শেয়ারের মধ্য হইতে আংশিক অর্থাৎ ২৪% শেয়ার জারেফ হামিদকে এবং ২০% শেয়ার আশিকুর রহমান-এর নিকট হস্তান্তর করিয়া প্রতিষ্ঠানে বিদ্যমান আছেন। এখন ০৮-০২-২০২০ ইং তারিখের বোর্ড সভা অনুসারে মোহাম্মদ আফসার উদ্দিন ০৫% শেয়ার, জারেফ হামিদ ৭৫% এবং আশিকুর রহমান ২০% শেয়ারের লাভ-লোকসানের অনুপাত নির্ধারণ করা হইয়াছে। নতুন অংশীদার আশিকুর রহমান ব্যবস্থাপনা অংশীদার এবং জারেফ হামিদ অংশীদার হিসাবে নিযুক্ত হইয়াছেন। জারেফ হামিদ-এর মূলধন ২২,৫০,০০০ টাকা, আশিকুর রহমান এর মূলধন হইবে ৬,০০,০০০ টাকা এবং মোহাম্মদ আফসার উদ্দিন এর মূলধন হইবে ১,৫০,০০০ টাকা নির্ধারণ করা হইয়াছে এবং এই অনুসারে লাভ-লোকসান এর অংশ বন্টন করা হইবে। গত ০৮-০২-২০২০ ইং তারিখে ফার্মটি পুনঃগঠন ((Reconstructed)) করা হইয়াছে।

মোহাম্মদ আফসার উদ্দিন (স্বপন)

ম্যানেজিং পার্টনার

M/s. Chittagong Overseas.

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(২১১৩)

মূল্য : টাকা ৪০০